

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০৫৭

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/২৮. কিয়ামতের নিদর্শনাবলী

بَابِ الْآيَاتِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ الْخَلاَّلُ، حَدَّثَنَا عَوْنُ بْنُ عُمَارَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُثَنَّى بْنِ ثُمَامَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَنسٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ ثُمَامَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَنسٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنْ أَنسِ بْنِ مَالِكٍ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " الآيَاتُ بَعْدَ الْمِائَتَيْنِ ".

বাংলা

৩/৪০৫৭। আবৃ কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (কিয়ামতের ক্ষুদ্র) আলামতসমূহ দু' শত বছর পর প্রকাশ পেতে থাকবে।

English

It was narrated from Anas bin Malik that Abu Qatadah said: "The Messenger of Allah (ﷺ) said: "The (lesser) signs (will come) after two hundred (years).'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ৪৫৬০, যইফাহ ১৯৬৬। তাহকীক আলবানীঃ বানোয়াট। উক্ত হাদিসের রাবী ১. আওন বিন উমারাহ সম্পর্কে আবু বকর আল-বায়হাকী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। যাকারিয়া বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অমনোযোগী ও সন্দেহ করেন। ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৫৫৪, ২২/৪৬১ নং পৃষ্ঠা) ২. আবদুল্লাহ ইবনুল মুসান্না বিন সুমামাহ বিন আবদুল্লাহ বিন আনাস সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ



রাবী নং ৩৫২১, ১৬,২৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন